বাগেরহাটে জাতীয় মৎস্য সপ্তাহের সমাপ্তি ও পুরস্কার বিতরণ

বাগেরহাটে জাতীয় মৎস্য সপ্তাহের সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বিকাল সাড়ে ৩ টায় বাগেরহাট চিংড়ি গবেষনা কেন্দ্রে অনুষ্ঠিত সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক জনাব মোঃ মামুনুর রশীদ।

বাগেরহাটের জেলা মৎস্য অফিসার ড. মোঃ খালেদ কনকের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য দেন, বাগেরহাট চিংড়ি গবেষণা কেন্দ্রের উপপরিচালক শামসুন নাহার, সিনিয়র সহকারী পরিচালক অমল কান্তি রায়, উপ-সহকারী পরিচালক ইউসুফ আলী, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা এ এস এম রাসেল, সহকারী মৎস্য কর্মকর্তা এসএম জাহাঙ্গীর কবির প্রমুখ।

অনুষ্ঠানে বিভিন্ন সরকারী বেসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তা ও মৎস্যজীবী সমিতির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। পরে মৎস্য ও চিংড়ি চাষী, নিরাপদ খাদ্য সরবরাহকারী প্রতিষ্ঠান, নারী উদ্যোক্তাদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।